গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ইপিডেমিওলজী ইউনিট
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষিখামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫।

স্মারক নং ৩৩.০১.০০০০.২০০.০০৬.০০১.১৭. তারিখঃ ০৬/১১/২০১৮ খ্রিঃ

বরাবর
মহাপরিচালক
প্রাণিসম্পদ অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

**বিষয়ঃ প্রাণিসম্পদ অধিদপ্তরের ইনোভেশন টিমের নভেম্বর/২০১৮ মাসের সভার কার্যবিবরণী প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ০৬.১১.২০১৮ তারিখ উপপরিচালক ও প্রধান, ইপিডেমিওলজী ইউনিট এর সভাপতিত্বে প্রাণিসম্পদ অধিদপ্তরের ইনোভেশন টিমের একটি সভা অনুষ্ঠিত হয়। কর্মকর্তাদের তালিকাসহ উক্ত সভার কার্যবিবরণী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরিত হলো।

সংযুক্তিঃ
১. সভার কার্যবিবরণী- তিন পৃষ্ঠা

(ডাঃ বশীর আহমেদ)
উপপরিচালক ও প্রধান, ইপিডেমিওলজী ইউনিট
ও
সভাপতি, ইনোভেশন টিম, প্রাণিসম্পদ অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপিঃ

১। ড. মোঃ আবু সুফিয়ান, সহকারী পরিচালক (প্রাণিস্বাস্থ্য ও প্রশাসন), প্রাণিসম্পদ অধিদপ্তর ও সদস্য, ইনোভেশন টিম, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২। ডাঃ মোঃ রফিকুল ইসলাম, ইউএলও (লীভ/রিজার্ভ), প্রাণিসম্পদ অধিদপ্তর ও সদস্য, ইনোভেশন টিম, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৩। ড. সৈয়দ আলী আহসান, ইউএলও (লীভ/রিজার্ভ), প্রাণিসম্পদ অধিদপ্তর ও সদস্য, ইনোভেশন টিম, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৪। জনাব মোঃ শামীম হোসেন, ইউএলও (লীভ/রিজার্ভ), সংযুক্তিঃ আইসিটি শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর ও সদস্য, ইনোভেশন টিম, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৫। ড. এবিএম মুস্তানুর রহমান, ইউএলও (লীভ/রিজার্ভ), সংযুক্তিঃ পরিকল্পনা ও মূল্যায়ন কোষ, প্রাণিসম্পদ অধিদপ্তর ও সদস্য, ইনোভেশন টিম, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৬। মোঃ সোহরাব হোসেন, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি ও সার্ভার শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষিখামার সড়ক,ফার্মগেট, ঢাকা।

## বিষয়ঃ প্রাণিসম্পদ অধিদপ্তরের ইনোভেশন টিমের মাসিক সভার কার্যবিবরণী

**সভাপতি** : ডা. বশীর আহমেদ, ইনোভেশন অফিসার

**তারিখ** : ০৬/১১/২০১৮ খ্রিঃ

**সময়** : সকাল ১১:০০ ঘটিকা

**স্থান** : ইপিডেমিওলজী ইউনিট, প্রণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।

**সভায় উপস্থিতি** : পরিশিষ্ট-'ক' তে সংযুক্ত আছে।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। তিনি শুরুতেই বিগত ৩০ অক্টোবর, ২০১৮ খ্রি. তারিখে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ে অনুষ্ঠিত ইনোভেশন টিমের মাসিক সভায় গৃহীত বিভিন্ন সিদ্ধান্তের উপর আলোকপাত করার জন্য ড. এবিএম মুস্তানুর রহমান, সদস্য, ইনোভেশন টিম, ডিএলএস-কে অনুরোধ করেন। পরবর্তীতে সভাপতি মহোদয়ের অনুমোতিক্রমে ড. এবিএম মুস্তানুর রহমান এক এক করে বিস্তারিত উপস্থাপন করেন, যা নিম্নরুপ-

| ক্রামিক নং | মন্ত্রণালয়ের সিদ্ধান্ত | প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক গৃহীত ব্যবস্থাদি |
|---|---|---|
| ১। | এক দিনের ওরিয়েনটেশন/ কর্মশালা/সেমিনার নভেম্বর/২০১৮ মাসের মধ্যে সম্পন্ন করেত হবে। | আগামী ১০ কার্যদিবসের মধ্যে ইনোভেটরদের নামের তালিকা মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। |
| ২। | পাঁচ (৫) দিনের প্রশিক্ষণ ঢাকার বাহিরে ডিসেম্বর-জানুয়ারী মাসের মধ্যে সম্পন করার কার্যক্রম নিত হবে। | যথাসময়ে মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ বজায় রেখে নামের তালিকা প্রেরণ করা হবে। |
| ৩। | বিদেশ সফেরর জন্য আগামী ১০ দিনের মধ্যে প্রত্যেক দপ্তর/সংস্থা হতে একজন করে ইনোভেশন অফিসার/ ইনোভেশন টিমের সদস্য-এর নাম এবং ইনোভেশন/গেবষণা খাতে বরাদ্দকৃত অর্থের পরিমান উল্লেখ করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | বিদেশ সফরের জন্য নামের তালিকা সহকারি পরিচালক (প্রশিক্ষণ)-এর মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। |
| ৪। | মাঠপর্যায়ে মৎস্য অধিদপ্তর ও প্রাণিসম্পদ অধিদপ্তরের ইনোভেশন প্রকল্পসমূহ নিজ নিজ ইনোভেশন টিমে এবং মন্ত্রণালয়ের প্রতিনিধিসহ পরিদর্শন করার ব্যবস্থা নিতে হবে। | মন্ত্রণালয়ের সাথে যোগাযোগপূর্বক মাঠ পর্যায়ে ইনোভেশন প্রকল্পসমূহ পরিদর্শন করার ব্যবস্থা করা হবে। |
| ৫। | আওতাধীন দপ্তর/সংস্থা তাদের ইনোভেশন টিমের মাসিক সভার কার্যবিবরণীসহ সকল প্রতিতেবদন মন্ত্রণালয়ের ই-ফাইলিং-এর মাধ্যমে প্রেরণ করতে হবে। | এখন থেকে ইনোভেশন সংক্রান্ত সকল ধরনের টিঠি পত্র ই-ফাইলিং-এর মাধ্যমে প্রেরণ করা হবে। |
| ৬। | স্ব স্ব দপ্তরের ওয়েবসাইটে ইনোভেশন কর্ণার যথাযথভাবে হালনাগাদ করতে হবে। | নিয়োমিত হালনাগাদ করা হবে। |
| ৭। | আগামী জুন-২০১৯ সময়ের মধ্যে প্রাণিসম্পদ অধিদপ্তরের "লাইভস্টক ডাইরী"-এর আউটকাট স্টাডি শেষ করতে হবে। | যথাসময়ে আউটকাট স্টাডি শেষ করা হবে। |
| ৮। | ফেব্রুয়ারী-২০১৯ এর মধ্যে স্কেলআপ/রেপ্লিকেশন উদ্যোগগুলির উপর ১ মিনেটর ভিডিও প্রস্তুত করার ব্যবস্থা নিতে হবে। | ই-ভেট. সার্ভিস সফটওয়ার পাইলটিং নিয়ে ১ মিনেটর ভিডিও প্রস্তুত করা হবে। |

২। সভাপতির অনুমতিক্রমে ইনোভেশন টিমের সদস্য ডা. মো. রফিকুল ইসলাম প্রথমে বিগত আগষ্ট ২০১৮ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। সভায় অগ্রগতির বিবরণ অন্তর্ভূক্তির সংশোধনীসহ কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়।

৩। সভায় আলোচ্যসূচী অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | আলোচ্য সূচী | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত/বাস্তবায়ন | সিদ্ধান্ত বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | এস.এম.এস. পুন:রায় চালুকরণ | বিগত ৩০ অক্টোবর, ২০১৮ খ্রি. তারিখে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ে অনুষ্ঠিত ইনোভেশন টিমের মাসিক সভায় চীফ ইনোভেশন অফিসার এস.এম.এস. সার্ভিস বন্ধ থাকার বিয়য়ে ব্যাখ্যা জানতে চান। এতে ইনোভেশন অফিসার, প্রাণিসম্পদ অধিদপ্তর জানান যে, অতি সত্বর এটি | এস.এম.এস. সার্ভিস পুন:রায় চালুকরণ করার জন্য নিম্নোক্ত তথ্যাদি সংগ্রহ ও বাস্তবায়নে ৩ সদস্যের কমিটি গঠন করা হয়। কমিটি আগামী ১৫ কার্যদিবসের মধ্যে ইনোভেশন অফিসারের | ডা. বশীর আহমেদ, ইনোভেশন অফিসার এবং ডা. মো. রফিকুল ইসলাম, সদস্য ইনোভেশন টিম |

| | | | | |
|---|---|---|---|---|
| | | চালু করার পদক্ষেপ নেওয়া হবে। এব্যাপারে ০৩ (তিন) সদস্যের একটি কমিটি গঠন করা যেতে পারে। | নিকট রির্পোট পেশ করবেন।<br>(১) সোর্স কোড a2i হতে সংগ্রহ করতে হবে।<br>(২) এস.এম.এস. Send & Receive সচল করতে হবে।<br>(৩) 3G to 4G upgradation<br>(৪) Both Bangla and English SMS চালু করতে হবে।<br><u>কমিটি'র সদস্যবৃন্দ-</u><br>১। ডা. মো. রফিকুল ইসলাম<br>২। ডা. মো. মোখলেছুর রহমান, ভিএস<br>৩। জনাব মো. সোহরাব হোসেন, সম্প্রসারণ কর্মকর্তা। | |
| ২. | ই-ভেটেরিনারি সেবা পাইলটিং অগ্রগতি | চলতি ২০১৮-২০১৯ অর্থবছরে গোপালগঞ্জ জেলার কাশিয়ানী এবং গাজীপুর জেলার সদর উপজেলায় পাইলটিং কার্যক্রম বাস্তবায়ন করা হবে। এ বিষয়ে কো-অর্ডিনেটর জানান যে, বাজেট বিভাজন ও অনুমোদন সম্পন্ন হয়েছে। অতিঃসত্বর পাইলটিং কার্যক্রম শুরু করা হবে। | কর্মপরিকল্পনা অনুযায়ী অতিঃসত্বর ই-ভেটেরিনারি সেবা কার্যক্রমের পাইলটিং করতে হবে। | ড. সৈয়দ আলী আহসান, কো-অর্ডিনেটর, ই-ভেট. সার্ভিস |
| ৩. | ইউনিয়ন পর্যায়ে প্রাণিসম্পদ সেবাকেন্দ্র স্থাপন | ইউনিয়ন প্রাণিসম্পদ সেবা কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে ৪০টি জেলার ৪০টি উপজেলার প্রতিটিতে ১টি করে মোট ৪০টি ইউনিয়ন নির্বাচন সম্পন্ন হয়েছে। এখন অতিদ্রুত বাজেট বরাদ্দ প্রদান করা যেতে পারে। | আগামী নভেম্বর ৩০, ২০১৮ খ্রি. তারিখের মধ্যে নির্বাচিত উপজেলা কোডে বাজেট বরাদ্দ প্রদান করতে হবে। | ডা. বশীর আহমেদ, ইনোভেশন অফিসার এবং ডা. মো. রফিকুল ইসলাম, সদস্য ইনোভেশন টিম |
| ৪. | প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালা সংক্রান্ত (১দিন/৩দিন/৫দিন) | ইনোভেশন বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী ০১দিন, ০৩দিন এবং ৫দিনের প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালা আয়োজনের সিদ্ধান্ত রয়েছে। সে মোতাবেক মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী বাস্তবায়ন করা যেতে পারে। | ইনোভেশন বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী ০১দিন, ০৩দিন এবং ৫দিনের প্রশিক্ষণ/সেমিনার/ কর্মশালা আয়োজন করতে হবে। | ড. এবিএম মুস্তানুর রহমান<br>ড. মো. শাকিফ-উল আযম। |
| ৫. | এসআইপি (SIP) বাস্তবায়ন | ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (এসআইপি) সংক্রান্ত সকল তথ্যাদি সংরক্ষণের জন্য ডা. মো. মোখলেছুর রহমান, ভিএস, জেলা ভেটেরিনারি হাসপাতাল, গাজীপুর এর সার্বিক তত্বাবধানে প্রাণিসম্পদ অধিদপ্তর একটি ডাটাবেজ সফটওয়ার প্রস্তুত করেছে। এটি ডিএলএস'র ওয়েব পেইজে লিংক দেওয়া রয়েছে। কিন্তু এটির সোর্স কোড, | অতিঃসত্বর এসআইপি (SIP) বাস্তবায়ন কার্যক্রম সম্পন্ন করতে হবে। | ড. এবিএম মুস্তানুর রহমান ডা. মো. মোখলেছুর রহমান |

| | | | | |
|---|---|---|---|---|
| | | আপগ্রেডেশেনসহ অন্যান্য কাজ করার জন্য ডা. মো. মোখলেছুর রহমান-কে দায়িত্ব দেওয়া যেতে পারে। এছাড়া প্রাণিসম্পদ অধিদপ্তরে কিছু এসআইপি করার জন্য ড. এবিএম মুস্তানুর রহমান কয়েকটি এসআইটি আইডিয়া উপস্থাপন করেন, যেগুলো হ'ল-<br>ক) ফ্লোরভিত্তিক সুপেয় পানির ব্যবস্থা প্রকল্প<br>খ) সেকশনভিত্তিক সুন্দর ফাইল ব্যবস্থপনা প্রকল্প<br>গ) ভবনের পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখা প্রকল্প<br>ঘ) মূল ভবনের প্রবেশ মুখে একটি হেল্প ডেস্ক স্থাপন প্রকল্প<br>ঙ) প্রাণিসম্পদ অধিদপ্তরাধীন কর্মকর্তাগণের কর্পোরেট সিম সরবরাহ প্রকল্প | | |
| ৬. | বিবিধ | ক) ইনোভেশন টিমের ফেইসবুক একাউন্ট খোলা<br>খ) মাসিক সভায় বিএলআরআই প্রতিনিধি'র উপস্থিতি<br>গ) ডা. পলাশ সরকার, ভিএস-এর কার্যক্রম পরিদর্শনপূর্বক প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিল।<br>(ঘ) প্রাণিসম্পদ অধিদপ্তরের উদ্ভাবনী আইডিয়াগুলো নিয়োমিত হালনাগাদকরণ।<br>(ঙ) প্রাণিসম্পদ অধিদপ্তরের সার্ভার কক্ষ আইটি সামগ্রীর আপগ্রেডেশন | ক) ফেইসবুক একাউন্ট খুলতে হবে।<br>খ) এখন থেকে প্রতি মাসের মাসিক সভায় বিএলআরআই প্রতিনিধি রাখতে হবে।<br>গ) তিন (৩) সদস্যের একটি কমিটি গঠন করতে হবে, যার সদস্য হবেন-<br>(১) ডা. বশীর আহমেদ<br>(২) ড. সৈয়দ আলী আহসান<br>(৩) ডা. মো. মোখলেছুর রহমান<br>(ঘ) উদ্ভাবনী আইডিয়াগুলো নিয়োমিত হালনাগাদ করতে হবে।<br>(ঙ) সার্ভার কক্ষ আইটি সামগ্রীর আপগ্রেডেশন করতে হবে। | ক) ড. সৈয়দ আলী আহসান এবং জনাব মো. শামীম হোসেন<br>খ) ড. এবিএম মুস্তানুর রহমান<br>খ) ডা. বশীর আহমেদ, ইনোভেশন অফিসার, ডিএলএস।<br>(ঘ) জনাব মো. শামীম হোসেন এবং ড. এবিএম মুস্তানুর রহমান<br>(ঙ) জনাব মো. শামীম হোসেন |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মধ্য দিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(ডাঃ বশীর আহমেদ)
সভাপতি, ইনোভেশন টিম
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।